

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জেলা প্রশাসকের কার্যালয়, সিরাজগঞ্জ  
দুর্যোগ ব্যবস্থাপনা শাখা।

তারিখ : ০৭ - ০৯ - ২০১৭ খ্রি.

স্মারক নং- : ৫১.০১.৮৮০০.০১৭.০২০.০২.১৭-

বিষয় : মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয় হতে প্রাপ্ত আর্থিক অনুদান উপ-বরাদ্দ প্রসঙ্গে।

সূত্র : প্রধানমন্ত্রীর কার্যালয়ের ২৭-০৮-২০১৭খ্রি. তারিখের ০৩.০০৭.০৩৭.০০.০০.১৭৭.২০১৭ (স্মংশ-১৭৬)-৯২৭নং স্মারক।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, এ জেলার ০৫টি উপজেলায় বন্যা কবলিত দুর্গম এলাকায় ক্ষতিগ্রস্তদের জন্য ত্রাণ সামগ্রী পরিবহন ও বিতরণের জন্য মাননীয় প্রধানমন্ত্রীর ত্রাণ ও কল্যাণ তহবিল হাত প্রাপ্ত ৫,০০,০০০/- (পাঁচ লক্ষ) টাকা বণিত শর্তাবলী অনুযায়ী বিতরণের জন্য নিম্নবর্ণিত উপজেলার পার্শ্বে উল্লেখিত পরিমাণ অনুদানের অর্থ তাঁর অনুকূলে নির্দেশক্রমে উপবরাদ্দ প্রদান করা হলো।

| ক্রঃনং | উপজেলার নাম                | উপবরাদ্দকৃত টাকার পরিমাণ |                                 | চেক নম্বর           |
|--------|----------------------------|--------------------------|---------------------------------|---------------------|
| ১      | সিরাজগঞ্জসদর<br>(পৌরসভাসহ) | (৬০০০০.০০+২৫০০০.০০) =    | ৮৫০০০.০০                        | সিবি ১০০<br>১৭৯০৭৬৪ |
| ২      | কাজিপুর                    | -----                    | ১০০০০০.০০                       | সিবি ১০০<br>১৭৯০৭৬৫ |
| ৩      | শাহজাদপুর                  | -----                    | ১০০০০০.০০                       | সিবি ১০০<br>১৭৯০৭৬৬ |
| ৪      | বেলকুচি<br>(পৌরসভাসহ)      | (৬০০০০.০০+১৫০০০.০০) =    | ৭৫০০০.০০                        | সিবি ১০০<br>১৭৯০৭৬৭ |
| ৫      | চৌহালী                     | -----                    | ১৪০০০০.০০                       | সিবি ১০০<br>১৭৯০৭৬৮ |
|        |                            | মোট =                    | ৫,০০,০০০/-<br>(পাঁচ লক্ষ) টাকা। | -----               |

শর্তাবলী :

- ১। বরাদ্দকৃত অনুদানের অর্থ জেলা ত্রাণ ও পুনর্বাসন কার্যালয় হতে সংগ্রহ করে মানবিক সহায়তা কর্মসূচির পরিপত্র ২০১২-১৩ অনুসরণ পূর্বক শুধুমাত্র ত্রাণ সামগ্রী পরিবহন ও বন্যায় ক্ষতিগ্রস্ত পারিবারের মধ্যে বিতরণ নিশ্চিত করতে হবে।
- ২। সাম্প্রতিক বন্যা ও নদী ভাঙণে প্রকৃত ক্ষতিগ্রস্ত দুঃস্থ পরিবারের মধ্যে পরিবার প্রতি সর্বনিম্ন ৫,০০০/- (পাঁচ হাজার) এবং সর্বোচ্চ ১০,০০০/- (দশ হাজার) টাকা ক্রসড চেকের মাধ্যমে বিতরণ নিশ্চিত করতে হবে।
- ৩। মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয়ের আর্থিক অনুদান বিতরণ করা হচ্ছে বিষয়টি ইলেক্ট্রনিক ও প্রিন্ট মিডিয়াকে অবহিত করতে হবে।
- ৪। বরাদ্দকৃত অর্থ একজন ট্যাগ অফিসারের উপস্থিতিতে বিতরণ নিশ্চিত করতে হবে এবং উপবরাদ্দকৃত খরচের বিবরণী আগামী ৭-১৫ দিনের মধ্যে এ কার্যালয়ে প্রেরণ করতে হবে।
- ৫। উপবরাদ্দ পত্রটি উপজেলার তথ্য বাতায়নে আপ-লোড করতে হবে।
- ৬। বরাদ্দকৃত অর্থ বিতরণের যথাযথ হিসাব ও মাষ্টার রোল হিসাব নিরীক্ষার জন্য তাঁর কার্যালয়ে সংরক্ষণ করার জন্য অনুরোধ করা হলো।
- ৭। বরাদ্দকৃত অর্থ যথাযথভাবে বিতরণ পূর্বক প্রতিবেদন জেলা প্রশাসক বরাবর প্রেরণ নিশ্চিত করতে হবে।

স্বাক্ষর -  
(মোঃ আব্দুর রহিম)  
জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা  
সিরাজগঞ্জ।

তারিখ : ০৭ - ০৯ - ২০১৭ খ্রি.

উপজেলা নির্বাহী অফিসার

সিরাজগঞ্জ সদর/কাজিপুর/শাহজাদপুর/বেলকুচি/চৌহালী, সিরাজগঞ্জ।

স্মারক নং- : ৫১.০১.৮৮০০.০১৭.০২০.০২.১৭-

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো :-

- ১। সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ৯২-৯৩, মহাখালী বা/এ, ঢাকা-১২১২।
- ৩। বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী।
- ৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সিরাজগঞ্জ সদর/কাজিপুর/শাহজাদপুর/বেলকুচি/চৌহালী, সিরাজগঞ্জ।
- ৫। সহকারী কমিশনার (গোপনীয়), জেলা প্রশাসক, সিরাজগঞ্জ মহোদয়ের সদয় অবগতির জন্য।
- ৬। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, সিরাজগঞ্জ সদর/কাজিপুর/শাহজাদপুর/বেলকুচি/চৌহালী, সিরাজগঞ্জ।
- ৭। সহকারী প্রোগ্রামার, জেলা প্রশাসকের কার্যালয়, সিরাজগঞ্জ। তাঁকে উপবরাদ্দ পত্রটি জেলা তথ্য বাতায়নে আপ-লোড করার জন্য অনুরোধ করা হলো।

জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা  
সিরাজগঞ্জ।